



গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ
গাজীপুর

<https://gda.gov.bd>

নম্বর: ২৫.১২.৩৩০০.০০০.০০১.০০.০০০৫.২৫.১৪৭

তারিখ ২৩ চৈত্র ১৪৩২
০৬ এপ্রিল ২০২৬

গণবিজ্ঞপ্তি

সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষের আওতাভুক্ত এলাকার মধ্যে উপযুক্ত কর্তৃপক্ষ হতে গ্রহণকৃত ভূমি ব্যবহার ছাড়পত্র ও অনুমোদিত নকশা অনুযায়ী ভবনটি নির্মিত হচ্ছে কিনা তা নিশ্চিত হতে ভবন ব্যবহারের পূর্বে এই কর্তৃপক্ষ হতে 'অকুপেন্সি সার্টিফিকেট' (ব্যবহার সনদপত্র) গ্রহণ করার আইনগত বাধ্যবাধকতা রয়েছে। ঢাকা মহানগর ইমারত বিধিমালা-২০২৫ অনুযায়ী ব্যবহার সনদ ব্যতীত—

- কোন ভবন, ফ্ল্যাট বা স্পেস- আবাসিক/বাণিজ্যিক/শিল্প বা অন্য কোন কাজে ব্যবহার করা যাবে না;
- কোন ভবনে ইউটিলিটি সার্ভিসের নতুন সংযোগ প্রদান করা যাবে না;
- ইমারতের সম্পূর্ণ বা আংশিক হস্তান্তর, নামজারি ও রেজিস্ট্রেশন করা যাবে না;
- ডেভেলপার, রিয়েল এস্টেট এজেন্ট, আইনসম্মত প্রতিনিধি (আমমোক্তার), বন্ধককারী প্রতিষ্ঠান (মর্টগেজ) বা সম্পদ বিক্রয় বা হস্তান্তরের সঙ্গে সম্পৃক্ত কোন স্বত্বাধিকারী কোম্পানী (Title Company) কর্তৃক নতুন মালিক বা ব্যবহারকারীকে বসবাস বা ব্যবহার সনদের কপি প্রদান করতে হবে।

এমতাবস্থায়, ভবন ব্যবহারের পূর্বে সংশ্লিষ্ট সকলকে এই কর্তৃপক্ষ কর্তৃক যথাযথ নিয়মানুযায়ী অকুপেন্সি সার্টিফিকেট গ্রহণ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

(মোঃ মেহেদী হাসান)
সচিব

গাজীপুর উন্নয়ন কর্তৃপক্ষ, গাজীপুর।